# গোদাগাড়ী উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ- জনাব, মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী

স্থান ঃ- মহিলা ভাইস চেয়ারম্যান'র কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী

তারিখ ঃ- ০৫ ডিসেম্বর ২০২১, সময়- সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', তে সন্নিবেশিত

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ পূর্ববর্তী সভার কার্যাবিবরণী পঠন ও অনুমোদনঃ

সভাপতির অনুমতিক্রমে পূর্ববতী সভার কার্যাবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যাবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২.০ উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটির আলোচনা ঃ

| কমিটির নাম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি | ১। উপজেলা মৎস চাষী ও মৎস্য জীবি সমবায় সমিতি লিঃ এর আবেদনের পরিপ্রেক্ষিতে অনুমোদন দিতে হবে বা নিবন্ধন করতে হবে। | ১। আবেদনের পরিপ্রেক্ষিতে সমিতি নিবন্ধন চলছে। |
| | ২। বিতরণকৃত ঋণ সমুহ আদায়ের জন্য জোর তাগাদা দিতে হবে। | ২। জোর তাগাদা দেওয়া হচ্ছে। |
| | ৩। উপজেলা সমবায় দপ্তরে অনুমদিত সমবায় সমিতি সমূহের সঠিক থাকা সাপেক্ষে অডিট অন্তে প্রত্যয়ন প্রদান করা যেতে পারে। | ৩। যাচাই বাছাই অন্তে প্রত্যয়ন করা হচ্ছে। |

অত্র কমিটির সদস্য-সচিব সভায় জানান যে, বিআরডিবি অন্যতম বৃহৎ ক্ষুদ্র ঋণ প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে এ প্রতিষ্ঠানটি গ্রামীণ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে ঋণ কার্যক্রম সহ ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে। অত্র দপ্তরের অধীনে রেজিস্ট্রেশনভূক্ত সমিটির সংখ্যা-২১১টি। অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁর পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্নকর্মসংস্থান কর্মসূচী, মহিলা উন্নয়ন অনুবিভাগ, কৃষক সমবায় সমিতি, সদাবিক, পল্লী প্রগতি প্রকল্প, আদর্শ গ্রাম-২ গুচ্ছ গ্রাম ও পিআরডিপি-৩, অপ্রধান শস্য প্রকল্পের আওতায় পুঁজি গঠন আয়বর্ধন মূলক কর্মকান্ডে প্রশিক্ষন প্রদান করা হয় এবং এ প্রকল্পের আওতায় ৫৭০টি পরিবার খানা জরিপ ও ১৩টি দল গঠন কার্যক্রম চলমান রয়েছে এবং আলোচ্য মাসে ৭টি দল গঠন করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে অত্র দপ্তরের ৬০০ জনকে প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। আলোচ্য মাসে কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। ২০২০-২১ অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩ কোটি ৭৭ লক্ষ ৫০ হাজার টাকার বিপরীতে অত্র দপ্তর থেকে ২০২০-২১ অর্থ বছরে ৩০.৮১ টাকা বিতরণ করা হয়েছে। আগস্ট/২০২০ মাসে করোনাকালীন সময়ে ঋণ বিতরণ নাই। মোট ঋণ আদায় করা হয়েছে ১০.০৮ টাকা। আদর্শ গ্রাম-২ এর ঋণ বিতরণ নাই। গুচ্ছগ্রাম প্রকল্পে ঋণ বিতরণ করা হয়নি। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় রিশিকুল ও গোদাগাড়ী ইউনিয়নে কার্যক্রম চালু আছে। ২০২০-২০২১ অর্থ

বছরে এ পর্যন্ত বাজেট পাওয়া যায়নি। প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। এছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।

প্রস্তাবিত সিদ্ধান্ত ঃ উপজেলার সমবায় দপ্তরের অধিনে নিবন্ধিত সমবায় সমিতি সমূহ অডিট কার্যক্রম চালু করার জন্য মাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

৫/১২/২১

(মোসাঃ সুফিয়া খাতুন)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কার্যালয়
"পল্লী ভবন" গোদাগাড়ী, রাজশাহী

স্মারক নং- ৪৭.৬২.৮১৩৪.০০০.০৬.০০১.১

তারিখ ঃ ০৫ ডিসেম্বর ২০২১

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) ঃ- ২২০

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী
০২। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
০৩। চেয়ারম্যান, বাসুদেবপুর ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি
০৪। চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি
০৫। অফিস কপি

উপজেলা পল্লী উন্নয়ন কমিটি
ও
সদস্য সচিব
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

# ০৫ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্র: নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, বাসুদেবপুর ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৪ | উপজেলা সমবায় অফিসার ও সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য- সচিব, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য-সচিব | |